কালের কণ্ঠ

তারিখ ... 24 OCT 2016 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৫ ......

# সেই উচ্চমান সহকারী হারুন ময়মনসিংহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে

**নিজস্ব প্রতিবেদক, ময়মনসিংহ ▷**

গাজীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের সেই উচ্চমান সহকারী হারুন অর রশিদ মল্লিক এখন ময়মনসিংহ জেলা প্রাথমিক শিক্ষা, অফিসে। শিক্ষক নিয়োগে তাঁর দুর্নীতির ফিরিস্তি কালের কণ্ঠে প্রকাশ হওয়ার পর ঊর্ধ্বতন কর্তৃপক্ষ তাঁকে বদলি করেছিল কিশোরগঞ্জের করিমগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসে। কিন্তু সেখানে যোগ দেননি তিনি। এরপর বদলি করা হয়েছিল ময়মনসিংহের ভালুকা উপজেলায়। সেখানেও তিনি যোগ দেননি। শেষ পর্যন্ত হারুনকে বদলি করা হয়েছে ময়মনসিংহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে। বিষয়টিকে 'প্রাইজ পোস্টিং' হিসেবে গণ্য করছেন সংশ্লিষ্টরা।

গত ২৪ সেপ্টেম্বর কালের কণ্ঠ'র প্রথম পৃষ্ঠায় 'টাকা ঢেলে শিক্ষক' শিরোনামে একটি প্রতিবেদন প্রকাশিত হয়। প্রতিবেদনে বিপুলসংখ্যক শিক্ষক নিয়োগে গাজীপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসের উচ্চমান সহকারী হারুন অর রশিদ মল্লিকের সম্পৃক্ততার তথ্য-প্রমাণ উল্লেখ ছিল। ওই প্রতিবেদন প্রকাশিত হওয়ার পর টনক নড়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষের। কর্তৃপক্ষ ২৭ সেপ্টেম্বর এক আদেশে হারুন অর রশিদ মল্লিককে কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জে বদলি করে। কিন্তু হারুন সেখানে যোগ দেননি। পরে তাঁকে ময়মনসিংহের ভালুকা উপজেলায় বদলি করা হয়। কিন্তু বিতর্কিত এ কর্মচারী ইচ্ছা প্রকাশ করলেন ময়মনসিংহ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগ দিতে। তাঁর ইচ্ছারই জয় হলো। গত ৫ অক্টোবর তিনি ময়মনসিংহে যোগ দেন।

এ বিষয়ে হারুন অর রশিদ মল্লিক বলেন, তাঁকে জনস্বার্থে বদলি করা হয়েছে। এখানে কেমন লাগছে জানতে চাইলে তিনি বলেন, বাড়ি থেকে কিছুটা দূরে তাই অসুবিধা হচ্ছে। ময়মনসিংহে যোগদানের আগে করিমগঞ্জে ও ভালুকায় বদলির বিষয়টি স্বীকার করেন তিনি।

জানতে চাইলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) শামস উদ্দিন বলেন, তিনি পত্রিকা দেখেননি।